# জেলা পরিষদ
## পঞ্চগড়
www.zppanchagarh.gov.bd

স্মারক: ৪৬.৪৭.৭৭০০.০০১.৩৩.০০৭.১৭ ২৮৫

তারিখ ঃ ১৩ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৮জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

### দোকান ঘর ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

২৮ জুলাই ২০২৬ ইং তারিখে পঞ্চগড় জেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক পঞ্চগড় জেলা পরিষদের মালিকানাধীন জেলা পরিষদের গ্যারেজের পূর্ব পার্শ্বে অবস্থিত ০৭ টি দোকান ঘর সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে একসনা ইজারা প্রদানের উদ্দেশ্যে প্রকৃত ব্যবসায়ীদের নিকট থেকে মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। সিডিউলসহ প্রতিটি দরপত্র ফরম জেলা পরিষদ কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্বের দিন পর্যন্ত ক্রয় করা যাবে। সিডিউলে উল্লিখিত তারিখে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং একই দিন বেলা ২.০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) তা খোলা হবে। ১ম পর্যায়ে প্রাপ্ত দরপত্র সন্তোষজনক না হলে পরবর্তী পর্যায়ে পুনঃ সিডিউলসহ দরপত্র ফরম বিক্রয় ও গ্রহন করা হবে। বরাদ্দ/ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্ত ও তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট শাখা হতে জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

| ক্রমিক নং | স্থাপনার নাম | মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জেলা পরিষদের গ্যারেজের পূর্ব পার্শ্বে অবস্থিত ০৭ টি দোকান ঘর (০১,০২,০৩,০৪,০৫,০৬, এবং ০৭) | ০৫ বছর (প্রতি বছর নবায়ন সাপেক্ষে) | বাণিজ্যিক দোকান |

#### তফসীল

| | |
|---|---|
| দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ | ০২/০৮/২০২৬খ্রিঃ (রবিবার, অফিস চলাকারীন সময়ে) |
| দরপত্র দাখিলের তারিখ | ০৩/০৮/২০২৬ খ্রিঃ ( সোমবার,বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত) |

২৮/০৭/২৬

মোঃ শাকিল আর রউফ
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ,পঞ্চগড়

শর্তাবলীঃ

০১। আবেদনপত্রের মূল্য ৫০০ (পাঁচশত) টাকা।

০২। নিয়মিত নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে। পরপর ০৩ (তিন মাস) ভাড়া পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ বরাদ্দ আদেশ বাতিল করতে পারবেন।

০৩। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পজিশন হস্তান্তর বা অবকাঠামোগত কোন পরিবর্তন করতে পারবেন না।

০৪। বৈদ্যুতিক ওয়েল্ডিং, গ্যাস ওয়েল্ডিং বা শব্দ দূষনের জন্য দায়ী এমন কোন করতে পারবেন না।

০৫। বরাদ্দপ্রাপ্তির এক সপ্তাহের (০৭ দিনের) মধ্যে জেলা পরিষদের সাথে চুক্তিনামা সম্পন্ন করতে হবে। অন্যথায় এ বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

০৬। আবেদনকারী কী ধরনের দোকান দিতে ইচ্ছুক তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি আবেদনপত্রে উল্লেখিত দোকান ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করতে পারবে না।

০৭। দোকান সমূহের বরাদ্দ প্রাপ্তগণ্যের নিজ দায়িত্বে বিদ্যুৎ পানি ও গ্যাস,পৌরকর পরিশোধ করতে হবে।

০৮। ন্যূনতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,পঞ্চগড় বরাবর জামানত হিসেবে পে-অর্ডারের মাধ্যমে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। জামানতের টাকা বেশি হলে দোকান বরাদ্দের ক্ষেত্রে শর্তসাপেক্ষে অগ্রাধিকার প্রাপ্ত হবেন।

০৯। আবেদন কারীর ট্রেড লাইসেন্স, আয়কর রিটার্ন/ TIN Certificate ভ্যাট রেজিস্ট্রেসন আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

১০। শর্তাবলী পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

[বিঃ দ্রঃ যারা ইতঃপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক আবেদনপত্র ক্রয় করেছেন তাদের পুনরায় আবেদনপত্র ক্রয় করার প্রয়োজন নেই]